গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

নং-৮০.০০.০০০০.৩০১.০৭৩.০১.২০১৭-১৬৫
বিজ্ঞপ্তি নং (২৭-৪৯)/২০১৭

তারিখ ঃ ১৭ জ্যৈষ্ঠ ১৪২৩ / ৩১ মে ২০১৭

পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা নিম্নলিখিত পদে সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের নিকট হতে অন-লাইনে আবেদনপত্র আহবান করছেন ঃ

বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট	পদের নাম ও সংখ্যা	মন্ত্রণালয়/ বিভাগ	বেতন স্কেল	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা ও অন্যান্য	শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/ স্নাতক/ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড	বয়সসীমা ০১.০৫.১৭ ইং তারিখে বয়স
ক্রমিক নং-২৭ ইউনিট-৬ (পুনঃবিজ্ঞপ্তি)	প্রকৌশলী প্রশিক্ষক এর ০১ (এক)টি ৫ম গ্রেডের স্থায়ী পদ (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত)	নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন মেরিন একাডেমী	টাকা-৪৩,০০০-৬৯,৮৫০ /- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। (ক) শোর কম্পেনসেটারী এলাউন্স মাসিক মূল বেতনের ৫০% (খ) মেরিটাইম অন বোর্ড ট্রেনিং এলাউন্স মাসিক মূল বেতনের ৫০% (গ) সার্বক্ষণিক অবস্থানজনিত প্রশিক্ষণ ভাতা মাসিক মূল বেতনের ৫% (ঘ) পারিবারিক চিকিৎসা ভাতা মাসিক ৩০০০/- (ঙ) ইউনিফরম এন্ড ইউনিফরম আপকিফস এলাউন্স মাসিক ১৭০০/- (চ) ডিষ্টার্বেন্স এলাউন্স মাসিক ৩৫০০/-	(১) প্রথম শ্রেণীর প্রকৌশলী সার্টিফিকেট এবং মেরিন ডিসিপ্লিনে যে কোন ডিগ্রী বা সমমানের সার্টিফিকেট বা ডিগ্রী অথবা (২) প্রথম শ্রেণীর মেরিন প্রকৌশলী বা সমমানের সার্টিফিকেট অথবা (৩) দ্বিতীয় শ্রেণীর মেরিন প্রকৌশল বা সমমানের সার্টিফিকেট	(১) বিদেশগামী জাহাজে প্রধান প্রকৌশলী হিসাবে কমপক্ষে ২ বৎসরের চাকুরী; অথবা (২) সার্টিফিকেট প্রাপ্তির পর ০৩ বৎসরের অভিজ্ঞতা, তন্মধ্যে বিদেশগামী জাহাজে প্রধান প্রকৌশলী হিসাবে কমপক্ষে ০২ বৎসরের চাকুরী অথবা (৩) সংশ্লিষ্ট বিষয়ে(মোটরসহ) ০৫ বৎসরের চাকুরী	৩১১	সর্বোচ্চ ৪৫ বছর
ক্রমিক নং-২৮ ইউনিট-৩ (পুনঃবিজ্ঞপ্তি)	সিনিয়র সাইফার অফিসার এর ০২(দুই) টি ৬ষ্ঠ গ্রেডের স্থায়ী পদ	প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন গুপ্তসংকেত পরিদপ্তর	টাঃ-৩৫,৫০০-৬৭,০১০/-(জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/সুবিধাদি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে ১ম শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা ০৪(চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী	(ক) কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সাইফার কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ প্রথম শ্রেণির পদে ০৭ (সাত) বছরের চাকরির অভিজ্ঞতা; এবং (খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা	১০১ থেকে ৩৯২	সর্বোচ্চ ৪০ বছর

বিশেষ দ্রষ্টব্যঃ গত ২০.০২.২০১৭ তারিখে জারিকৃত বিজ্ঞপ্তি নং-০৯ এর "সিনিয়র সাইফার অফিসার" পদে অনলাইনে রেজিস্ট্রেশনকারী প্রার্থীদের মধ্যে যারা বিপিএসসি ফরম-৩ জমা দিয়েছেন তাদের "সিনিয়র সাইফার অফিসার" পদে নতুন করে রেজিস্ট্রেশন করার প্রয়োজন নেই।

ক্রমিক নং-২৯ ইউনিট-২	চীফ ইন্সট্রাক্টর এর ০৬(ছয়) টি ৬ষ্ঠ গ্রেডের স্থায়ী পদ	বস্ত্র পরিদপ্তরাধীন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ সমূহ	টাঃ-৩৫,৫০০-৬৭,০১০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে পিএইচডি ডিগ্রী; অথবা কোন স্বীকৃত টেক্সটাইল ইন্সটিটিউট হতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বিষয়ে ০৪(চার) বৎসর মেয়াদী প্রথম শ্রেণির স্নাতক ডিগ্রী (খ) শিক্ষকতায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকার প্রাপ্য হবেন। তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় শ্রেণি বা বিভাগ গ্রহণ যোগ্য হবে না	সংশ্লিষ্ট বিষয়ে ০২(দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা অথবা অনূন্য ০৫(পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা অথবা ০৭(সাত) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা	৩২০	সর্বোচ্চ ৩৫ বছর
ক্রমিক নং-৩০ ইউনিট-৭ (পুনঃবিজ্ঞপ্তি)	সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার এর ২০ (বিশ) টি ৭ম গ্রেডের স্থায়ী পদ।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য অধিদপ্তরের অধীন স্বাস্থ্য শিক্ষা ব্যুরো	টাঃ-২৯,০০০-৬৩,৪১০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি	(১) সমাজবিজ্ঞান, মনোবিজ্ঞান, পরিসংখ্যান, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান বা সমাজকল্যাণ বিষয়ে প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণির সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী এবং (২) স্বাস্থ্য শিক্ষায় এমপিএইচ বা ডিপিএইচ বা ডিএইচই ডিগ্রী	-	১৫৭ ১৪৯ ১৫৯ ১১৮ ১৪৮ ১৫৬ এবং ১৮৭ ৫৪ ৫৫	সর্বোচ্চ ৩০ বছর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য
ক্রমিক নং-৩১ নন-ক্যাডার শাখা (পুনঃবিজ্ঞপ্তি)	সহকারী প্রোগ্রামার এর ০৮(আট) টি ৯ম গ্রেড স্থায়ী পদ (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত)	নির্বাচন কমিশন সচিবালয়, অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের নিয়ন্ত্রণাধীন জাতীয় রাজস্ব বোর্ড, বাণিজ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন যৌথমূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তর	টাকা-২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি	Master degree in any Subject or B.Sc in Engineering or Computer Science.	Must pass standard test for programming.	১০১ থেকে ৩৯২	সর্বোচ্চ ৩০ বছর
ক্রমিক নং-৩২ ইউনিট-১১	হিসাব রক্ষণ কর্মকর্তা এর ০১(এক) টি ৯ম গ্রেড অস্থায়ী পদ	নির্বাচন কমিশন সচিবালয়	টাকা-২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রী অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রী অথবা ০৪(চার) বৎসর মেয়াদী অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রী	-	১০১ ১০৯ ১১২ ১২১ ১৩৭ ১৩৮	সর্বোচ্চ ৩০ বছর

ক্রমিক নং-৩৩ ইউনিট-৭ (পুনঃবিজ্ঞপ্তি)	হিসাব রক্ষণ কর্মকর্তা এর ০১(এক) টি ৯ম গ্রেড অস্থায়ী পদ	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ঔষধ প্রশাসন অধিদপ্তর	টাকা-২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাব বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাব বিজ্ঞান বিষয়ে অন্যূন ০৪(চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রী	কোন সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানে হিসাব রক্ষক পদে ০৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা	১০১	সর্বোচ্চ ৩০ বছর
ক্রমিক নং-৩৪ ইউনিট-৭ (পুনঃ বিজ্ঞপ্তি)	মেডিকেল অফিসার (নন-ক্যাডার) এর ১৫২ (একশত বায়ান্ন)টি ৯ম গ্রেডের স্থায়ী পদ (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত)	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন পরিবার পরিকল্পনা অধিদপ্তর	টাকা-২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি	যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এমবিবিএস ডিগ্রী অথবা সমমানের ডিগ্রী	-	৩৯১	সর্বোচ্চ ৩২ বছর
ক্রমিক নং-৩৫ ইউনিট-১	প্রিন্টিং ম্যানেজার এর ০১(এক) টি ৯ম গ্রেডের স্থায়ী পদ	ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ডাক অধিদপ্তর	টাকা-২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী। (খ) কোন স্বীকৃত বোর্ড/ইন্সটিটিউট/প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা ইন প্রিন্টিং টেকনোলজী বা সমমানের/ সমজাতীয় ডিপ্লোমা	প্রথম শ্রেণির প্রিন্টিং প্রেসে ব্যবস্থাপনা সংশ্লিষ্ট পদে অন্যূন ৭ বৎসরের অভিজ্ঞতা	১০১ থেকে ৩৯২ ৩৭	অনূর্ধ্ব ৩০ বছর
ক্রমিক নং-৩৬ ইউনিট-১২	এনেসথেসিওলজিস্ট এর ০১(এক) টি ৯ম গ্রেডের স্থায়ী পদ	রেলপথ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ রেলওয়ের চিকিৎসা বিভাগের হাসপাতালসমূহ	টাকা-২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি	M.B.B.S degree and Diploma in Anaesthesiology from a recognised University.	-	৩৯১	সর্বনিম্ন ২১ বছর সর্বোচ্চ ৩০ বছর
ক্রমিক নং-৩৭ ইউনিট-১২ (পুনঃবিজ্ঞপ্তি)	রেডিওলজিস্ট এর ০১(এক) টি ৯ম গ্রেডের স্থায়ী পদ (মুক্তিযোদ্ধা কোটা)	রেলপথ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ রেলওয়ের চিকিৎসা বিভাগের হাসপাতালসমূহ	টাকা-২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি	M.B.B.S or DMRE or DMRD degree from a recognised University.	Experience for a minimum period of one year in Radiography.	৩৯১	সর্বনিম্ন ২১ বছর সর্বোচ্চ ৩২ বছর (মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এর পুত্র/কন্যার ক্ষেত্রে ৩০ বছর)
ক্রমিক নং-৩৮ ইউনিট-১২ (পুনঃবিজ্ঞপ্তি)	ব্যাক্টিরিওলজিস্ট এর ০১(এক) টি ৯ম গ্রেডের স্থায়ী পদ (মুক্তিযোদ্ধা কোটা)	রেলপথ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ রেলওয়ের চিকিৎসা বিভাগের হাসপাতালসমূহ	টাকা-২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি	M.B.B.S. degree from a recognised University.	Experience for a minimum period of one year Post-graduate training in Bacteriology.	৩৯১	সর্বনিম্ন ২১ বছর সর্বোচ্চ ৩২ বছর (মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এর পুত্র/কন্যার ক্ষেত্রে ৩০ বছর)

ক্রমিক নং-৩৯ ইউনিট-৮	পরিসংখ্যান কর্মকর্তা এর ৬০(ষাট) টি ৯ম গ্রেডের স্থায়ী পদ	পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীন পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	টাকা-২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি।	Second Class Master's degree from a recognised University in Statistics, Economics, Mathematics (with Economics, or Statistics at Degree level), Commerce, Demography, Sociology or Social Welfare (with Economics or Statistics at Degree level); Or Master in Statistics from the Institute of Statistical Research and Training of the Dacca University equivlaent to Secend Class Master's Degree in Statistics;	02 years expericence in statistical survey work, research work or census operation; (1) 02 years expericence in statistical survey work, research work or census operation; (2) Experience is relaxable for candidates holding First class Master's degree or a good Honours degree in any of the subjects mentioned above.	১৫৯ ১১৮ ১৩৯ ১০১ ১০৯ ১১২ ১২১ ১৩৭ ১৩৮ ১৮৬ ১৫৭ ১৫৬	সর্বনিম্ন ২১ বছর সর্বোচ্চ ৩০ বছর
ক্রমিক নং-৪০ ইউনিট-৭	সহকারী প্রকৌশলী (সিভিল) এর ১৭(সতের) টি ৯ম গ্রেডের স্থায়ী/অস্থায়ী পদ	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	টাকা-২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি	স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে পুরকৌশলে স্নাতক পরীক্ষায় উত্তীর্ণ অথবা এএমআইই বাংলাদেশ এর সেকশন-এ এবং বি পরীক্ষায় উত্তীর্ণ	-	৩০৩ ৩২৬	অনুর্ধ্ব ৩০ বছর
ক্রমিক নং-৪১ ইউনিট-৭	সহকারী প্রকৌশলী (তড়িৎ) এর ০২(দুই) টি ৯ম গ্রেডের অস্থায়ী পদ	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	টাকা-২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি	স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে তড়িৎকৌশলে স্নাতক পরীক্ষায় উত্তীর্ণ অথবা এএমআইই বাংলাদেশ এর সেকশন-এ এবং বি পরীক্ষায় উত্তীর্ণ	-	৩০৫ ৩০৬ ৩২৬	অনুর্ধ্ব ৩০ বছর
ক্রমিক নং-৪২ ইউনিট-৭	সহকারী প্রত্নতাত্ত্বিক প্রকৌশলী এর ০২(দুই) টি ৯ম গ্রেডের স্থায়ী পদ	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন প্রত্নতত্ত্ব অধিদপ্তর	টাকা-২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি	Degree in Civil Engineering.	Experience in Conservation of Archaeological Monuments desirable	৩০৩	সর্বনিম্ন ২৫ বছর অনুর্ধ্ব ৩৫ বছর

ক্রমিক নং-৪৩ ইউনিট-৫	জেলা ক্রীড়া অফিসার এর ১২(বার) টি ৯ম গ্রেডের স্থায়ী পদ	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ক্রীড়া পরিদপ্তর	টাকা-২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি।	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; (খ) জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে স্বীকৃত বিশিষ্ট ক্রীড়াবিদ বা সংগঠককে অগ্রাধিকার দেওয়া হবে।	শারীরিক শিক্ষায় ২য় শ্রেণীর বি.পি.এড ডিগ্রী।	১০১ থেকে ৩৯২	অনুর্ধ্ব ৩০ বছর।
ক্রমিক নং-৪৪ ইউনিট-৫	প্রভাষক এর ১৩(তের) টি ৯ম গ্রেডের অস্থায়ী পদ	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ক্রীড়া পরিদপ্তর	টাকা-২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে শারীরিক শিক্ষায় কমপক্ষে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী; অথবা ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।	২য় শ্রেণীর বি.পি.এড ডিগ্রী।	১০১ থেকে ৩৯২	অনুর্ধ্ব ৩০ বছর।
ক্রমিক নং-৪৫ ইউনিট-৭	এস্টিমেটর (তড়িৎ) এর ০১(এক) টি ১০ম গ্রেডের স্থায়ী পদ।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	টাকা-১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/সুবিধাদি।	স্বীকৃত কোন পলিটেকনিক ইন্সটিটিউট হতে তড়িৎকৌশলে অন্যূন দ্বিতীয় শ্রেণির ডিপ্লোমা।	-	১১ ১৫	সর্বোচ্চ ৩০ বছর
ক্রমিক নং-৪৬ ইউনিট-১	ড্রাফটসম্যান এর ২৯(উনত্রিশ) টি ১০ম গ্রেডের স্থায়ী পদ।	স্থানীয় সরকার বিভাগের জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	টাকা-১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/সুবিধাদি।	Diploma in the relevant field.	-	১০	সর্বোচ্চ ৩০ বছর
ক্রমিক নং-৪৭ ইউনিট-৬ (পুনঃবিজ্ঞপ্তি)	পরিদর্শক এর ০১(এক) টি ১০ম গ্রেডের স্থায়ী পদ (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত)।	নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন নৌ পরিবহন অধিদপ্ত র	টাকা-১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি।	(1) Master's degree from a recognised University; or Bachelor's degree from a recognised University. or (2) Higher Secondary Certificate from Board of Intermediate and Secondary Education, recognised by the Government in this behalf, with certificate of competency of First class Inland Master.	(1) 02 year's experience in the line. Preference will be given to the candidates with experience in prevention of marine offences; or (2) 03 year's floating service experience.	১০১ থেকে ৩৯২	সর্বোচ্চ ৩২ বছর (মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এর পুত্র/কন্যার ক্ষেত্রে ৩০ বছর)
ক্রমিক নং-৪৮ নন-ক্যাডার শাখা (পুনঃবিজ্ঞপ্তি)	উপ সহকারী প্রকৌশলী (সিভিল) এর ১৯(উনিশ)টি ১০ম গ্রেডের স্থায়ী পদ (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত)	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন প্রত্নতত্ত্ব অধিদপ্তর	টাকা-১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/সুবিধাদি	স্বীকৃত কোন পলিটেকনিক ইন্সটিটিউট হতে পুরকৌশলে অন্যূন দ্বিতীয় শ্রেণির ডিপ্লোমা।	-	১০	সর্বোচ্চ ৩২ বছর (মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এর পুত্র/কন্যার ক্ষেত্রে ৩০ বছর)

ক্রমিক নং-৪৯ ইউনিট-১	মোটরযান পরিদর্শক এর ১৮ (আঠার) টি, ১০ম গ্রেডের অস্থায়ী পদ	সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের অধীন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বাংলাদেশ রোড টান্সপোর্ট অথরিটি (বিআরটিএ)	টাকা-১৬,০০০-৩৮,৬৪০/- (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি	কোন স্বীকৃত শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত অটোমোবাইলস/পাওয়ার টেকনোলজিতে অন্যূন ০৪ বৎসর মেয়াদী ডিপ্লোমা	কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে।	১৪ ২২	সর্বোচ্চ ৩০ বছর

নির্দেশাবলী ঃ

০১. **বিজ্ঞপ্তি নং-২৭, ২৮, ২৯ ও ৩০ এর পদগুলো উচ্চতর স্কেলের। উচ্চতর স্কেলের প্রার্থীদের শুধুমাত্র ১০০ নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। অনলাইনে রেজিস্ট্রেশনের পর কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd থেকে BPSC Form-3 download করে যথাযথভাবে পূরণপূর্বক শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি, অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচায়পত্রের সত্যায়িত কপি, চাকুরীরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সীল স্বাক্ষরিত ছাড়পত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে), এপ্লিকেন্টস্ কপি এবং প্রবেশপত্রের কপি আগামী ১৮.০৭.২০১৭ থেকে ৩১.০৭.২০১৭ তারিখের মধ্যে বিজ্ঞপ্তি নং-২৭ এর প্রার্থীগণকে পরিচালক ইউনিট-৬, বিজ্ঞপ্তি নং-২৮ এর প্রার্থীগণকে পরিচালক ইউনিট-৩, বিজ্ঞপ্তি নং-২৯ এর প্রার্থীগণকে পরিচালক ইউনিট-২ এবং বিজ্ঞপ্তি নং-৩০ এর প্রার্থীগণকে পরিচালক ইউনিট-৭ বরাবর হাতে হাতে/ডাকযোগে প্রেরণ করবেন।**

০২. **বিজ্ঞপ্তি নং- ৩১, ৩২, ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৮ এবং ৪৯ এর পদগুলো টেকনিক্যাল। টেকনিক্যাল পদের প্রার্থীদের বাংলা-৫০, ইংরেজী-৫০, সাধারণ জ্ঞান-৪০ এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল বিষয়ে-৬০ নম্বরসহ সর্বমোট ২০০ নম্বরের ৩ ঘণ্টার লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ৯ম গ্রেডের প্রার্থীদের ১০০ নম্বররের এবং ১০ম গ্রেডের প্রার্থীদের ৫০ নম্বরের মৌখিক পরীক্ষায়** অংশ গ্রহণ করতে হবে।

০৩. **বিজ্ঞপ্তি নং-৪৭ এর পদটি নন-টেকনিক্যাল। এই পদে আবেদনকারী প্রার্থীদের বাংলা-৫০, ইংরেজী-৫০, সাধারণ জ্ঞান-৪০ এবং গণিত ও মানসিক দক্ষতা বিষয়ে-৬০ নম্বরসহ সর্বমোট ২০০ নম্বরের ৩ ঘণ্টার লিখিত পরীক্ষা ও লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ৫০ নম্বরের মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।**

বিশেষ দ্রষ্টব্য ঃ-

শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী এক বা একাধিক পদে রেজিস্ট্রেশন করা যাবে। একাধিক পদে রেজিস্ট্রেশন করলে প্রতিটি পদের জন্য আলাদা আলাদা রেজিস্ট্রেশন ফি জমা দিতে হবে।

১. অন-লাইনে আবেদনপত্র (বিপিএসসি ফর্ম-5A) পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময় ঃ

ক. প্রার্থীকে টেলিটকের Web address : http://bpsc.teletalk.com.bd অথবা বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের Web address : www.bpsc.gov.bd এর মাধ্যমে কমিশন কর্তৃক নির্ধারিত আবেদনপত্র বিপিএসসি ‘ফর্ম-5A পূরণ করে Online Registration কার্যক্রম এবং ফি জমাদান সম্পন্ন করতে হবে। উল্লিখিত ওয়েবসাইট ওপেন করে Non-Cadre অপশন Select করে ক্লিক করলে নন-ক্যাডার বিভিন্ন পদের Advertisement, Instructions for Submitting Application এর রেডিও বাটন দৃশ্যমান হবে। ফর্ম পূরণের পূর্বে প্রার্থী অবশ্যই Instructions এবং বিজ্ঞপ্তি Download করে প্রতিটি নির্দেশনা ভালো করে আয়ত্ত করে নিবেন।

খ. আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময় ঃ ৩১.০৫.২০১৭ খ্রিঃ ,দুপুর ১২.০০টা।

গ. আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ঃ ৩০.০৬.২০১৭ খ্রিঃ, সন্ধ্যা ৬.০০টা।

ঘ. শুধু মাত্র USER ID প্রাপ্ত প্রার্থীগণ USER ID প্রাপ্তির পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২. **বয়সসীমা ঃ ০১.০৫.২০১৭ খ্রিঃ তারিখে বয়স ঃ**

ক. সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে বিজ্ঞপ্তিতে উল্লিখিত বয়সসীমা প্রযোজ্য হবে।

খ. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়স অনুর্ধ্ব ৩২ বছর (জন্ম তারিখ সর্বোচ্চ ০১.০৫.১৯৮৫ খ্রিঃ) পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়স অনুর্ধ্ব ৩০ বছর।

গ. যে সকল পদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩০ বছরের উর্ধ্বে সে সকল পদের ক্ষেত্রে অনুচ্ছেদ ২.খ. প্রযোজ্য হবে না।

৩. জাতীয়তাঃ-

ক. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ. যে সকল প্রার্থী কোনো অ-বাংলাদেশী নাগরিককে বিবাহ করেছেন অথবা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছেন সে সকল প্রার্থী সরকারের লিখিত অনুমতি ব্যতিরেকে আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না। সরকারের অনুমতিপত্র লিখিত পরীক্ষার পর বিপিএসসি ফর্ম-৩ এর সাথে অবশ্যই দিতে হবে।

৪. ডিক্লারেশন ঃ

প্রার্থীকে অন-লাইন আবেদনপত্রের (বিপিএসসি ফর্ম-5A) ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য বা তার অংশবিশেষ অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীতব্য যে কোন নিয়োগ পরীক্ষায় আবেদন করার অযোগ্য ঘোষণাসহ তার বিরুদ্ধে যে কোন আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৫. ছবি (Picture) BPSC Form-5A সাফল্যজনকভাবে পূরণ সম্পন্ন হলে Application preview দেখা যাবে। Preview এর নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্য×প্রস্থ) 300×300 pixel এর কম বা বেশি নয় এবং ফাইল সাইজ 100 KB এর বেশি নয় এরূপ মাপের নিজের **সদ্য (দুই মাসের মধ্যে)** তোলা রঙ্গীন ছবি Scan করে jpg format এ upload করতে হবে। সাদাকালো ও পুরাতন ছবি গ্রহণযোগ্য নয়। ছবি উল্লিখিত মাপের না হলে আবেদনপত্র বাতিল হবে। সানগ্লাসসহ ছবি গ্রহণযোগ্য হবে না। Home page এর Help Menu তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

৬. স্বাক্ষর (Signature) ঃ Application Preview তে স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে (দৈর্ঘ্য×প্রস্থ) 300×80 pixel এর কম বা বেশি নয় এবং ফাইল সাইজ 100 KB এর বেশি নয়, এরূপ মাপের প্রার্থীর স্বাক্ষর Scan করে jpg format এ upload করতে হবে। স্বাক্ষর উল্লিখিত মাপের না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৭. পরীক্ষার ফি প্রদান ঃ

Online এ আবেদনপত্র (BPSC Form-5A) যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশমতে ছবি এবং Signature upload করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র submission সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID সহ ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থীকে প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করতে হবে। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং এই User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বর থেকে SMS করে **পরীক্ষার ফি বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা জমা দিবেন** ।

প্রথম SMS ঃ BPSC<space>User ID লিখে send করুন 16222 নম্বরে ।

Example : BPSC NCRPQBCR send to 16222

Reply: Applicant's Name, Tk-500 will be charged as application fee. Your PIN is (8 digit number). To pay fee Type BPSC<space>Yes<space>PIN and send to 16222

দ্বিতীয় SMS : BPSC<space>yes<space> pin লিখে send করুন 16222 নম্বরে।

Example : BPSC YES (8 digit number) send to 16222

Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for Non-cadre examination. User ID is (xxxxxxxx) and Password (xxxxxxxx).

বিঃদ্রঃ- If password is lost, please type BPSC<Space> HELP<Space> SSC Board<Space> SSC Roll<Space>SSC Year and Send to 16222. অথবা টেলিটকের বর্ণিত ওয়েব সাইটে Home page এর Admit Card Menu তে ক্লিক করলে User Recovery, Password Recovery ও Payment Status বাটন দেখা যাবে। উক্ত বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে Submit করলে কাঙ্ক্ষিত তথ্যাবলি পাওয়া যাবে।

৮. ক. প্রবেশপত্র (Admit Card) ঃ প্রার্থী তার User ID এবং Password ব্যবহার করে ছবি ও রেজিঃ নম্বর সম্বলিত প্রবেশপত্র (Admit Card) download করতে পারবেন।

খ. বিজ্ঞাপনে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা না থাকলে কোন প্রার্থী আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না। কোন প্রার্থী পরীক্ষার ফি জমা দিয়ে Admit card পাওয়ার পর একাধিকবার Online এ Application form জমা দিতে পারবেন না। কোন প্রার্থী Online এ আবেদন ফর্ম পূরণ করে ফি জমাদান সম্পন্ন করলে তার আবেদন চূড়ান্তভাবে গৃহীত হয়েছে বলে গণ্য হবে। প্রার্থী মিথ্যা/ভিন্ন/ভুল তথ্য দিয়ে একাধিকবার ফর্ম পূরণ করে একাধিক Admit card গ্রহণ করলে এবং প্রক্রিয়ায়ণের যে কোন স্তরে জালিয়াতি প্রমাণিত হলে এরূপ প্রার্থীর সামগ্রিক প্রার্থিতা বাতিল হবে এবং উক্ত প্রার্থী ভবিষ্যতে সকল পদে আবেদনের জন্য অযোগ্য ঘোষিত হবে এবং উক্ত প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৯. **বিপিএসসি ফর্ম-৩ প্রাপ্তি ঃ লিখিত/ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ কমিশনের Web address : www.bpsc.gov.bd থেকে বিপিএসসি ফর্ম-৩ download করে যথাযথভাবে পূরণপূর্বক মৌখিক পরীক্ষার পূর্বে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদিসহ কমিশন কর্তৃক নির্দেশিত সময়ে এবং স্থানে জমা দিবেন।**

১. **শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্য ঃ** শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্য বোর্ড বা বিশ্ববিদ্যালয় হতে অর্জিত সকল সনদ (স্নাতক/স্নাতকোত্তর/ডিপ্লোমা/বিএসসি/এইচএসসি বা সমমানের মূল বা সাময়িক সনদ) এর সত্যায়িত ফটোকপি । মূল সনদের ফটোকপি প্রদানে অপারগ হলে সাময়িক সনদের ফটোকপি গৃহীত হবে । শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বিশ্ববিদ্যালয় বা সর্বশেষ পরীক্ষার মার্কসীট প্রাথমিকভাবে গ্রহণযোগ্য হবে তবে সাক্ষাৎকার বোর্ডে মূল/সাময়িক সনদ অবশ্যই দাখিল করতে হবে। চার বছর মেয়াদি স্নাতক/স্নাতক সম্মান ডিগ্রিধারী প্রার্থীদের জমাকৃত সনদ/মার্কসীট/টেস্টিমোনিয়াল-এ যদি ৪ বছর মেয়াদের সুস্পষ্ট উল্লেখ না থাকে সেক্ষেত্রে অর্জিত ডিগ্রি ৪ বছর মেয়াদি মর্মে বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্টার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাদের অর্জিত ডিগ্রি ৩ বছর মেয়াদি হিসেবে গণ্য করা হবে।

২. বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের সনদের সত্যায়িত কপি। "ও" লেভেল এবং "এ" লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সম্বলিত দালিলিক প্রমাণ। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩. ক. প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬-০২-২০০২ তারিখের মুঃবিঃম/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত কপি।

অথবা

১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

খ. জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬-০১-২০১১ তারিখের ০৫.১৭০.০২২.০৭.০১.০২৪.২০১০-২৬ নং সার্কুলার অনুযায়ী মুক্তিযোদ্ধা এবং উপযুক্ত মুক্তিযোদ্ধা প্রার্থী পাওয়া না গেলে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র ও কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যাদের পুত্র ও কন্যাগণ মুক্তিযোদ্ধা কোটায় বিবেচিত হবেন। তবে আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি করপোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের ২টি সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

গ. মুক্তিযোদ্ধা সনদ হিসেবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রত্যয়নপত্র প্রাথমিকভাবে গ্রহণ করা হবে। তবে মৌখিক পরীক্ষার সময় প্রার্থী কর্তৃক অবশ্যই মূল সনদ উপস্থাপন করতে হবে এবং উক্ত সনদের একটি সত্যায়িত কপি কমিশনে জমা দিতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। উল্লেখ্য মুক্তিযোদ্ধা প্রার্থী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সঠিক সনদপত্র উপস্থাপনে ব্যর্থ হলে মুক্তিযোদ্ধা প্রার্থী হিসেবে প্রার্থিতা বাতিল হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

৪. প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদের সত্যায়িত ফটোকপি(প্রযোজ্য ক্ষেত্রে)।

৫. বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

৬. সরকার অথবা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি থেকে ইস্তফাদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্তফাপত্র গ্রহণ অথবা অপসারণ আদেশের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

৭. সরকারি/আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

৮. আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে প্রামাণ্য সনদের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

৯. অভিজ্ঞতার সনদের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

১০. জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।

১১. এপ্লিকেন্টস্ কপি।

১২. প্রবেশপত্রের কপি।

১০. লিখিত/ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ এবং উচ্চতর স্কেলে রেজিস্ট্রেশনকৃত যে সকল প্রার্থী বিপিএসসি ফর্ম-৩ নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে ব্যর্থ হবেন তাদের প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং তারা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

বিঃদ্রঃ-বিপিএসসি ফর্ম-৩ পুঙ্খানুপুঙ্খ যাচাইয়ের পর শুধুমাত্র যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

১১.
ক. অন-লাইন আবেদনপত্রের (BPSC Form-5A) প্রথম অংশের স্থায়ী ঠিকানার (Permanent Address) district এর ঘরে এবং পরবর্তী বিপিএসসি ফর্ম-৩ এর স্থায়ী ঠিকানার (Permanent Address) নির্ধারিত স্থানে উল্লিখিত স্থায়ী জেলা এক এবং অভিন্ন হতে হবে এবং উক্ত জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে তাঁকে চাকুরিতে মনোনয়নের জন্য বিবেচনা করা হবে। এক্ষেত্রে ভুল তথ্য প্রদানের জন্য প্রার্থিতা/মনোনয়ন বাতিল হবে। BPSC Form-5A এবং পরবর্তীতে প্রদত্ত বিপিএসসি ফর্ম-৩ তে প্রদত্ত তথ্যে অসঙ্গতি থাকলে BPSC Form-5A এর তথ্য সঠিক হিসেবে পরিগণিত হবে।

খ. প্রার্থী কর্তৃক আবেদনপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকানা (Permanent Address) পরবর্তীতে পরিবর্তিত হলে কিংবা মহিলাগণের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/পৌরচেয়ারম্যান/মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র লিখিত পরীক্ষার পূর্বে কমিশন কর্তৃক সরবরাহকৃত বিপিএসসি ফর্ম-৩ এর সাথে জমা দিতে হবে।

১২. প্রার্থীকে কেবল কমিশনের অনুমোদিত অন-লাইন আবেদনপত্র (BPSC Form-5A) পূরণ করে রেজিস্ট্রেশন করতে হবে। মুদ্রিত আবেদনপত্র জমাদানের কোন সুযোগ নেই।

১৩. প্রার্থীর নাম ও পিতার নাম এসএসসি অথবা সমমানের সনদে যেভাবে লিখা আছে অন-লাইন আবেদনপত্রে (BPSC Form-5A) এবং পরবর্তীতে বিপিএসসি ফর্ম-৩ তে ঠিক সেভাবে লিখতে হবে।

১৪. যে সকল পদের ক্ষেত্রে বিজ্ঞাপনের চাহিদা অনুযায়ী প্রার্থীর ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ডিপ্লোমা ডিগ্রি সে ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অতিরিক্ত/উচ্চতর ডিগ্রি থাকলেও আবশ্যিকভাবে ডিপ্লোমা ডিগ্রি থাকতে হবে। ডিপ্লোমা ডিগ্রী অর্জন ব্যতিরেকে সংশ্লিষ্ট বিষয়ে অতিরিক্ত/উচ্চতর ডিগ্রী গ্রহণযোগ্য হবে না। সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা ডিগ্রীর পরিবর্তে উচ্চতর ডিগ্রীর সনদ দিয়ে আবেদন করলে নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে প্রার্থীতা/আবেদনপত্র বাতিল হবে।

১৫. শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। এক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক শারীরিক প্রতিবন্ধী সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। কোন প্রতিবন্ধী প্রার্থী শ্রুতিলেখকের জন্য আবেদন করলে যিনি প্রতিবন্ধী পরীক্ষার্থীকে সহায়তা করবেন তার ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি, শ্রুতিলেখক বর্তমানে অধ্যায়নরত থাকলে সে বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের পরিচয়পত্র ও প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি, শ্রুতিলেখকের প্রয়োজনীয়তা সম্পর্কে ডাক্তারী প্রত্যয়নপত্র ইত্যাদি জমা দিতে হবে।

১৬. কোন প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে কোন মিথ্যা তথ্য পরিবেশন করলে আবেদনপত্র বাতিলের পাশাপাশি সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থাও গ্রহণ করা হবে।

১৭. প্রিলিমিনারি টেস্ট ঃ কোন পদের আবেদনকারীর সংখ্যা ১০০০ এর অধিক হলে প্রিলিমিনারি টেস্ট গ্রহণ করা হবে। প্রিলিমিনারি টেস্টের তারিখ, সময় ও আসনব্যবস্থা যথাসময়ে পিএসসি'র ওয়েবসাইটসহ জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে জানানো হবে।

প্রিলিমিনারি টেস্টের ক্ষেত্রে ঃ

ক. প্রার্থীদেরকে ১০০ (একশত) নম্বরের Multiple Choice Question (MCQ) type পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কম্পিউটারের মাধ্যমে উত্তরপত্র মূল্যায়ন করা হবে।

খ. পরীক্ষায় মোট ১০০ (একশত)টি প্রশ্ন থাকবে। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ নম্বর পাবেন, ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা যাবে। পরীক্ষার পূর্ণ সময় ১ ঘণ্টা। বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান, গণিত ও দৈনন্দিন বিজ্ঞান বিষয়সমূহের উপর প্রশ্ন করা হবে।

গ. প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রার্থীগণ লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

ঘ. উত্তরপত্রে প্রশ্নপত্রের যে সেট নম্বর লেখা থাকবে, প্রার্থীকে অবশ্যই সেই সেটের প্রশ্নের উত্তর দিতে হবে, ভিন্ন সেটের প্রশ্নের উত্তর দিলে উত্তরপত্র বাতিল হবে।

১৮. লিখিত পরীক্ষার ক্ষেত্রে ঃ কোন পদের আবেদনকারীর সংখ্যা অনধিক ১০০০ হলে প্রিলিমিনারি টেস্ট ব্যতীত সরাসরি লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের বিপিএসসি ফরম-৩ যথাযথভাবে পূরণ করে বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী সকল কাগজপত্র কমিশনের প্রধান কার্যালয়, ঢাকায় জমা দিতে হবে অথবা ডাকযোগে প্রেরণ করতে হবে। খামের উপরে আবেদনকৃত পদের নাম, দপ্তরের নাম ও রেজিঃ নম্বর অবশ্যই লিখতে হবে। লিখিত পরীক্ষার জন্য প্রার্থীর সংখ্যা, লিখিত পরীক্ষার তারিখ, সময় ও আসনব্যবস্থা যথাসময়ে পিএসসি'র ওয়েবসাইটসহ জাতীয় দৈনিক পত্রিকার মাধ্যমে জানানো হবে।

নন-ক্যাডার ৯ম ও ১০ম গ্রেডের টেকনিক্যাল এবং নন-টেকনিক্যাল (সাধারণ) পদসমূহে নিয়োগের জন্য লিখিত, বাছাই ও ব্যবহারিক পরীক্ষার সিলেবাসসমূহ ঃ

১৯. ১. ক. নন-ক্যাডার ৯ম ও ১০ম গ্রেডের টেকনিক্যাল পদে সরাসরি নিয়োগের জন্য লিখিত পরীক্ষার বিষয় ভিত্তিক নম্বর বন্টন ও পরীক্ষার সময়ঃ

ক্রমিক নং	বিষয়	নম্বর	পাশ নম্বর	পরীক্ষার সময়
১.	বাংলা	৫০	সামগ্রিকভাবে ৪৫% ও টেকনিক্যাল বিষয়ে ২৫%	৩ ঘন্টা
২.	ইংরেজী	৫০		
৩.	সাধারণ জ্ঞান	৪০		
৪.	প্রাসঙ্গিক টেকনিক্যাল বিষয়	৬০		
	মোট =	২০০		

খ. নন-ক্যাডার ৯ম ও ১০ম গ্রেডের নন-টেকনিক্যাল পদে সরাসরি নিয়োগের জন্য লিখিত পরীক্ষার বিষয় ভিত্তিক নম্বর বন্টন ও পরীক্ষার সময়ঃ

ক্রমিক নং	বিষয়	নম্বর	পাশ নম্বর	পরীক্ষার সময়
১.	বাংলা	৫০	সামগ্রিকভাবে ৪৫%	৩ ঘন্টা
২.	ইংরেজী	৫০		
৩.	সাধারণ জ্ঞান	৪০		
৪.	গণিত ও মানসিক দক্ষতা	৬০		
	মোট =	২০০		

গ. নন-ক্যাডার ৯ম ও ১০ম গ্রেডের টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল পদে সরাসরি নিয়োগের জন্য মৌখিক পরীক্ষার নম্বর ও পাশ নম্বরঃ

ক্রমিক নং	বিষয়	নম্বর	পাশ নম্বর	পরীক্ষার সময়
১.	৯ম গ্রেড (টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল)	১০০	৪০%	-
২.	১০ গ্রেড (টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল)	৫০	৪০%	-

২. নন-ক্যাডার ৯ম ও ১০ম গ্রেডের টেকনিক্যাল পদের প্রার্থীদের অবশ্যই সংশ্লিষ্ট বিষয়ে ২৫% নম্বর পেতে হবে। কোন প্রার্থী টেকনিক্যাল বিষয়ে ২৫% এর কম পেলে উক্ত প্রার্থী লিখিত পরীক্ষায় সামগ্রিকভাবে অকৃতকার্য বলে গণ্য হবে।

৩. নন-ক্যাডার ৯ম ও ১০ম গ্রেডের সাধারণ ও টেকনিক্যাল পদে লিখিত পরীক্ষায় পাশ নম্বর গড়ে ৪৫% এবং মৌখিক পরীক্ষায় পাশ নম্বর গড়ে ৪০%। লিখিত পরীক্ষায় কোন বিষয়ে ২৫% নম্বরের কম পেলে প্রার্থী উক্ত বিষয়ে কোন নম্বর পাননি মর্মে গণ্য হবে। তবে সাধারণ পদের জন্য কোন প্রার্থী কোন বিষয়ে ২৫% এর কম নম্বর পাওয়ার পরও অন্যান্য বিষয়ে সামগ্রিকভাবে ৪৫% নম্বর পেলে উক্ত প্রার্থীকে লিখিত পরীক্ষায় কৃতকার্য হিসেবে গণ্য করা হবে। শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় আলাদাভাবে পাশ করতে হবে। অন্যথায় প্রার্থী সামগ্রিকভাবে অকৃতকার্য বিবেচিত হবেন।

৪. নন-ক্যাডার ৯ম ও ১০ম গ্রেডের টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল পদে সরাসরি নিয়োগের জন্য বাছাই (MCQ Type) পরীক্ষার বিষয় ভিত্তিক নম্বর বন্টন ও পরীক্ষার সময়ঃ

ক্রমিক নং	বিষয়	নম্বর	সময়
১)	বাংলা	২৫	১ ঘন্টা
২)	ইংরেজী	২৫	
৩)	গণিত ও দৈনন্দিন বিজ্ঞান	২৫	
৪)	সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলী)	২৫	

মোট = ১০০

ব্যতিক্রম ঃ

ক. সচিবালয়ের **“প্রশাসনিক কর্মকর্তা”** ও **“ব্যক্তিগত কর্মকর্তা”** পদে নিয়োগের জন্য পৃথক নিয়োগ বিধিমালা থাকায় এ নিয়ম তাদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

১. বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ অনুযায়ী “প্রশাসনিক কর্মকর্তা” (১০ম গ্রেড) পদের নিয়োগ পরীক্ষার (লিখিত) বিষয়, নম্বর ও সময় ঃ-

ক্রমিক নং	পরীক্ষা নাম	বিষয়	নম্বর	পাশ নম্বর	সময়
১.	লিখিত	বাংলা	৭৫	৫০%	৩ ঘন্টা
		ইংরেজী	৭৫		
		সাধারণ জ্ঞান	২৫		
		গণিত	২৫		
২.	মৌখিক	-	২৫		

সর্বমোট = ২২৫

বিঃদ্রঃ ক. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

খ. কম্পিউটারে Word Processing এর অভিজ্ঞতা থাকতে হবে।

২. বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ অনুযায়ী ব্যক্তিগত কর্মকর্তা (১০ম গ্রেড) পদের সরাসরি নিয়োগ পরীক্ষার (লিখিত) বিষয়, নম্বর ও সময় ঃ-

ক. লিখিত ও মৌখিক পরীক্ষা ঃ-

ক্রমিক নং	পরীক্ষা নাম	বিষয়	নম্বর	পাশ নম্বর	সময়
১.	লিখিত	বাংলা	৩০	৫০%	৯০ মিনিট
		ইংরেজী	৩০		
		সাধারণ জ্ঞান	২০		
		গণিত	২০		
২.	মৌখিক	-	১০		

সর্বমোট = ১১০

খ. সাঁটলিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর গতি পরীক্ষা ঃ

বিষয়	ইংরেজীতে সর্বনিম্নগতি (প্রতি মিনিটে)	বাংলায় সর্বনিম্নগতি (প্রতি মিনিটে)	ইংরেজী পরীক্ষার মোট নম্বর	বাংলা পরীক্ষার মোট নম্বর
সাঁট-লিপি	৮০ শব্দ	৫০ শব্দ	১০০	১০০
মুদ্রাক্ষর	৩০ শব্দ	২৫ শব্দ	৫০	৫০

বিঃ দ্রঃ - ১. লিখিত পরীক্ষা এবং ২.খ এ বর্ণিত সাঁটলিপি, মুদ্রাক্ষর, কম্পিউটার এ্যাপটিটিউট টেস্টে উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবে।

২. কম্পিউটারে Word Processing সহ e-mail ও Fax পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।

২০. লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক সিলেবাস কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এ পাওয়া যাবে।

২১. লিখিত পরীক্ষার উত্তরদানের ভাষা ঃ বাংলা, ইংরেজী ও অন্যান্য ভাষা সম্পর্কিত বিষয়ের প্রশ্নের উত্তর সংশ্লিষ্ট ভাষাতেই লিখতে হবে। অন্যান্য বিষয়ের প্রশ্নের উত্তর বাংলা বা ইংরেজী-এর যে কোন একটিতে লিখা যাবে। একটি বিষয়ের উত্তরে উভয় ভাষা ব্যবহার করা যাবে না (Technical শব্দসমূহ ইংরেজীতে লেখা যাবে)। কোন বিষয়ের প্রশ্নপত্রে অন্য কোনরূপ নির্দেশ থাকলে উক্ত বিষয়ের ক্ষেত্রে ঐ নির্দেশ অনুযায়ী প্রশ্নোত্তর লিখতে হবে।

২২. পরীক্ষার কেন্দ্রসমূহ ঃ প্রার্থী অন-লাইন আবেদনপত্রের (BPSC Form-5A) Exam centre এর ঘরে যে পরীক্ষা কেন্দ্রের নাম উল্লেখ করবেন তাকে সে কেন্দ্রেই পরীক্ষা দিতে হবে। প্রিলিমিনারি অবজেকটিভ টেস্ট/লিখিত পরীক্ষা ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুর কেন্দ্রে অনুষ্ঠিত হবে। তবে প্রার্থী কর্তৃক প্রার্থিত কোন কেন্দ্রে প্রিলিমিনারি টেস্ট/লিখিত পরীক্ষা অনুষ্ঠান সম্ভব না হলে কমিশন কর্তৃক নির্ধারিত অন্য কোন কেন্দ্রে প্রার্থীকে প্রিলিমিনারি টেস্ট/লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কেন্দ্র পরিবর্তনের কোন আবেদন গ্রহণ করা হবে না।

২৩. এই বিজ্ঞপ্তিতে যে সকল শর্ত আরোপ করা হয়েছে তা আবেদনপত্র (BPSC Form-5A ও BPSC Form-3) এর কোন শর্তের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ না হলে এই বিজ্ঞপ্তির শর্তই চূড়ান্ত বলে গণ্য হবে। তবে কোন বিষয় অনুল্লিখিত থাকলে অথবা ব্যাখ্যার প্রয়োজন হলে কমিশন এ ব্যাপারে প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান করবে।

২৪. প্রার্থীকে অবশ্যই মৌখিক পরীক্ষার বোর্ডে অতিরিক্ত ০১(এক) সেট বিপিএসসি ফরম-৩ যথাযথভাবে পূরণ করে শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি, অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, চাকুরীরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সীল স্বাক্ষরিত ছাড়পত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে), এপ্লিকেন্টস্ কপি এবং প্রবেশপত্রের কপি জমা দিতে হবে। প্রত্যেক ডকুমেন্টের উপর রেজিঃ নম্বর অবশ্যই লিখতে হবে।

২৫. মৌখিক পরীক্ষা গ্রহণের সময় শিক্ষা বোর্ড এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সকল মূল অথবা সাময়িক সনদের মূলকপি, অভিজ্ঞতা সনদের মূলকপি এবং জাতীয় পরিচয়পত্র অবশ্যই দাখিল করতে হবে। সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/স্থানীয় সংস্থায় চাকুরিরত প্রার্থীদেরকে বিপিএসসি ফরম-৩ এর সাথে সংযুক্ত ছাড়পত্রের ফরমে নিয়োগকারী কর্তৃপক্ষের সীল, স্বাক্ষর গ্রহণ করে এর মূল কপি এবং সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। উল্লেখ্য, প্রিলিমিনারি/লিখিত/মৌখিক পরীক্ষা একই প্রবেশপত্রের মাধ্যমে গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার জন্য আলাদাভাবে প্রার্থীদের নামে কোন সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না ।

২৬. প্রার্থীদের অতিরিক্ত তথ্য পাওয়ার জন্য BPSC এর ওয়েবসাইট নিয়মিতভাবে Visit করতে হবে। এছাড়া কর্ম কমিশন সচিবালয়ে অফিস চলাকালীন সকাল ১০.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত ৫৫০০৬৬৫৭ এবং ৫৫০০৬৮৩৪ টেলিফোন নম্বরে যোগাযোগ করে তথ্য জানা যাবে।

২৭. **নতুন পদ সৃষ্টি, পদোন্নতি, অবসর গ্রহণ, মৃত্যু, পদত্যাগ অথবা অপসারণ ইত্যাদি জনিত কারণে পদসংখ্যা বাড়ানো হতে পারে।**

২৮. বিজ্ঞপ্তি ও ফরম পূরণের নির্দেশাবলী টেলিটকের Web address : http://bpsc.teletalk.com.bd এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের Web address : www.bpsc.gov.bd এ পাওয়া যাবে।

- শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।
- পড়াশুনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।
  চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে ।

২৩.০৫.২০১৭

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)